গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি আইনউদ্দীন কলেজ
মধুখালী, ফরিদপুর।
www.ainuddincollege.edu.bd
Email: prin_gacoll@yahoo.com, ফোন ঃ 06326-56068

বিজ্ঞপ্তি নং-৮১ তারিখঃ ১২/১১/২০২১খ্রি:

২০২০-২০২১ শিক্ষাবর্ষের প্রথম বর্ষ স্নাতক (পাস) শ্রেণিতে ভর্তির বিজ্ঞপ্তি

এতদ্বারা জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে সরকারি আইনউদ্দীন কলেজ, মধুখালী, ফরিদপুর এ প্রথম বর্ষ (স্নাতক পাস) শ্রেণিতে নিম্নোক্ত কোর্সসমূহে ভর্তির জন্য শিক্ষার্থীদের কাছ থেকে প্রাথমিক আবেদন আহ্বান করা হচ্ছে।

বিএ, বি.এস.এস, বিবিএস

আবেদন যোগ্যতা ও ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.nu.ac.bd/admissions এর prospectus (Degree Pass)/Important Notice থেকে জানা যাবে।

আবেদন শুরুর তারিখ : ১৪ নভেম্বর ২০২১ (বিকাল ৪.০০ টা)
আবেদনের শেষ তারিখ : ৩০ নভেম্বর ২০২১
ফি জমাদানের শেষ তারিখ : ০১ ডিসেম্বর ২০২১
আবেদন ফি : ২৫০ টাকা
আবেদনের লিঙ্ক: www.nu.ac.bd/admissions

১। আবেদনের যোগ্যতা ও শর্তাবলী

ক) বাংলাদেশে স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড/উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের সকল শাখা থেকে ২০১৬/২০১৭/২০১৮ সালের SSC ও সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ ২.০ এবং ২০১৮/২০১৯/২০২০ সালের HSC ও সমমান পরীক্ষায় ৪র্থ বিষয়সহ ন্যূনতম জিপিএ ২.০ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।

খ) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড থেকে শুধুমাত্র i) এইচ.এস.সি (ভোকেশনাল) ii) এইচ.এস.সি. (বিজনেস্ ম্যানেজমেন্ট) iii) ডিপ্লোমা-ইন-কমার্স পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা অনুচ্ছেদ ১ এর শর্ত পূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে।

আবেদন করার নিয়ম:

ক) প্রাথমিক আবেদন ফরম পূরণের জন্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট www.nu.ac.bd/admissions Tab এ Apply Now(Degree pass) অপশনে ক্লিক করতে হবে এবং ওয়েবসাইটে উল্লেখিত তথ্য ছক পূরণ করতে হবে।

খ) সতর্কতার সাথে ছবি আপলোড করতে হবে এবং সঠিক মোবাইল নম্বর দিতে হবে। উল্লেখ্য ভুল ছবি আপলোড করলে শিক্ষার্থীর ভর্তি বাতিল হবে। সতর্কতার সাথে তথ্য ছক পূরণপূর্বক ছবি আপলোড করে pdf ফরম্যাটে ফরমটি download করে প্রিন্ট পূর্বক স্বাস্থ্য বিধি মেনে কলেজে জমা দিতে হবে।

গ) আবেদন করার সময় শিক্ষার্থীর পাসপোর্ট আকারের রঙিন ছবি (১২০x১৫০ pixel, Type: jpg maximum file ৫০kb)স্ক্যান করে আপলোড করতে হবে।

ফরম প্রিন্ট ও জমা:

ক) আবেদনকারীকে প্রিন্ট করা ফরমে নির্ধারিত স্থানে স্বাক্ষর করতে হবে।

খ) আবেদনপত্রের সাথে টাকা জমার SMS প্রদর্শন করতে হবে ও মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার নম্বরপত্রের ১টি করে ফটোকপি অবশ্যই জমা দিতে হবে।

আবেদন ফি জমাদানের পদ্ধতিঃ

আবেদন ফি বাবদ ২৫০/- টাকা Rocket App এর মাধ্যমে পেমেন্ট করতে হবে।

Rocket App এর মাধ্যমে আবেদন ফি প্রদানের পদ্ধতি

ধাপ-১: Rocket App প্রবেশ করুন।,ধাপ-২: Bill Pay সিলেক্ট/ ক্লিক করুন।
ধাপ-৩: Search Biller এর বক্সে ৩৩৯৯ লিখুন, ধাপ-৪: Govt, Ainuddin College সিলেক্ট/ ক্লিক করুন।
ধাপ-৫: Bill No এর বক্সে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট হতে প্রিন্টকৃত আবেদন ফরমের ৭ (সাত) ডিজিটের Admission Roll লিখুন।
ধাপ-৬: Pay For Self অথবা Other সিলেক্ট / ক্লিক করুন। (আবেদনকারীর রকেট একাউন্ট হতে পেমেন্ট করলে Self এবং অন্যের রকেট একাউন্ট হতে পেমেন্ট করলে Other সিলেক্ট করে আবেদনকারীর সচল মোবাইল নম্বর দিতে হবে।
ধাপ-৭: Amount> ২৫০ লিখুন। (মোবাইলে ২৫৫ টাকা থাকতে হবে)। ধাপ-৮ : SUBMIT ক্লিক করুন
ধাপ-৯: Rocket Pin দিয়ে Confirm করতে হবে।

(ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত আবেদন ফি ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকা পেমেন্ট না করলে কলেজ কর্তৃক প্রাথমিক আবেদন নিশ্চায়ন করা হবে না।

ভর্তি বা পেমেন্ট সম্পর্কিত তথ্যের জন্য যোগাযোগ করুন : ০১৭৩৭৫১৪২৫৬ সকাল ৯ টা হতে বিকাল ৪ টা। ক্লাস শুরুর তারিখঃ২০/১২/২০২১খ্রি:

১২/১১/২০২১
প্রফেসর মো: নাজমুল হক(৬৬০১)
অধ্যক্ষ
সরকারি আইনউদ্দীন কলেজ
মধুখালী, ফরিদপুর।

১২/১১/২০২১
মো:বাসার সরোয়ার
সহকারী অধ্যাপক ও আহবায়ক
ডিগ্রী পাস ১ম বর্ষ ভর্তি কমিটি
সরকারি আইনউদ্দীন কলেজ

প্রফেসর মোঃ নাজমুল হক,
আইডি নং-৬৬০১
অধ্যক্ষ
সরকারি আইনউদ্দীন কলেজ